গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
# সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম
ফোন নং : ০২৩৩৩৩৬৬০৫১, মোবাইল : +৮৮০১৭৭৪৮৩৭৪২৩
ই-মেইল : principal@gccc.edu.bd, info@gccc.edsu.bd, govtcitycollegectg1954@gmail.com
ওয়েব সাইট : www.gccc.edu.bd.

## বিজ্ঞপ্তি

তারিখ ঃ ০৩/১২/২০২৫ খ্রিঃ

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত বিভিন্ন শ্রেণিতে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী ও মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে বৃত্তিপ্রাপ্ত হয়ে সাধারণ শিক্ষায় অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থীদের বৃত্তির অর্থ প্রাপ্তির জন্য MIS Software -এ তথ্য নতুন এন্ট্রি/ সংশোধনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র যে সকল শিক্ষার্থী জমা দেয়নি তাদেরকে আগামী ১৮/১২/২০২৫ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে একাডেমিক ভবন-৬ এর ৬২০২ নং কক্ষে জমাদানের জন্য নির্দেশ দেওয়া যাচ্ছে ।

MIS Software -এ তথ্য এন্ট্রির ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশাবলী অনুসরণীয় ঃ

- বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন তফসীলভুক্ত যে কোন ব্যাংকে শিক্ষার্থীর নিজ নামে ১৮ বছরের কম বয়সী শিক্ষার্থীর ক্ষেত্রে পিতা অথবা মাতার সাথে যৌথ নামে ব্যাংক হিসাব খুলতে হবে।
- যৌথ নামে ব্যাংক হিসাব খোলার সময় হিসাবধারীর নামের স্থলে ০২ জনের নাম এন্ট্রি করতে হবে। প্রথমে শিক্ষার্থীর নাম,তারপর and তারপর দ্বিতীয় হিসাবধারীর নাম ইংরেজীতে লিখতে হবে। (যেমন ঃ Habibur Rahman and Abdur Rashid)
- শিক্ষার্থীর নামীয় ব্যাংক হিসাব ব্যতীত পিতা/মাতা/অন্য কারো হিসাব নম্বর প্রদান করা যাবে না।
- শিক্ষার্থীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে।
- অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে এবং সঠিক ও নির্ভুল হতে হবে।
- বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর পরীক্ষার নাম ও সন, পরীক্ষার আইডি/ রেজিস্ট্রেশন নম্বর এবং প্রাপ্ত CGPA সঠিকভাবে পূরণ করতে হবে।
- ব্যাংকের নাম, শাখার নাম, রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে।
- ব্যাংক হিসাবটি বর্তমানে অবশ্যই সচল (Active) থাকতে হবে।
- শিক্ষার্থীর অনলাইন জন্ম নিবন্ধন সনদের ফটো কপি জমা দিতে হবে।
- শিক্ষার্থীর পিতা মাতার NID এর স্কেন কপি জমা দিতে হবে।
- শিক্ষার্থীর কলেজে ভর্তির অনলাইন কপি জমা দিতে হবে।
- বৃত্তির গেজেটের কপি প্রথম পাতা ও নামের অংশ ব্যাংক একাউন্ট এর চেকের প্রথম পাতা ফটোকপি (অথবা স্টেটমেন্ট) জমা দিতে হবে।
- এসএসসি পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি জমা দিতে হবে।

03.12.2025

(প্রফেসর আবু ছালেহ মোহাম্মদ নঈম উদ্দীন
আইডি নং-০০০০৩০৫৭
অধ্যক্ষ
সরকারি সিটি কলেজ,চট্টগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.০৭.০০১.২৪-৩৮৮/২১ তারিখ : ৩০-১১-২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত বিভিন্ন শ্রেণিতে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের বৃত্তি সংক্রান্ত তথ্যাদি MIS Software-এ এন্ট্রিকরণ/সংশোধনের সময়সীমা বর্ধিতকরণ।

সূত্র: মাউশি অধিদপ্তরের পত্রের স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.০৭.০০১.২৪-৩৪৫/২২, তারিখ : ২৯-১০-২০২৫ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত বিভিন্ন শ্রেণিতে মেধা ও সাধারণ বৃত্তি এবং মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে বৃত্তিপ্রাপ্ত হয়ে সাধারণ শিক্ষায় অধ্যয়নরত শিক্ষার্থীদের বৃত্তির তথ্যাদি MIS Software-এ নির্ভুলভাবে এন্ট্রি/সংশোধন সম্পাদন করার সময়সীমা আগামী ২২ ডিসেম্বর, ২০২৫ তারিখ পর্যন্ত নির্দেশক্রমে বর্ধিত করা হলো।

30.11.25

(কামরুন নাহার-০১৫৯১৪)
সহকারি পরিচালক (একিউএইউ)
এক্সেস এন্ড কোয়ালিটি এশুরেন্স ইউনিট
পরিকল্পনা ও উন্নয়ন উইং
ফোন : ৪১০৫৩৮১১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা
০২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আওতাধীন সংশ্লিষ্ট সকল মেডিকেল বিশ্ববিদ্যালয় / কলেজকে অবহিতকরণের অনুরোধসহ)
০৩. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
০৪. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
০৫. প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS and iBAS++ স্কিম, SPFMS কর্মসূচি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
০৬. পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৭. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল) (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
০৮. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
০৯. সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (আওতাধীন সংশ্লিষ্ট সকল বিশ্ববিদ্যালয়কে অবহিতকরণের অনুরোধসহ)
১০. রেজিস্ট্রার, সাধারণ / মেডিকেল / প্রকৌশল বিশ্ববিদ্যালয় (সরকারি/বেসরকারি....সকল)
১১. অধ্যক্ষ, সরকারি/বেসরকারি কলেজ (সকল)
১২. অধ্যক্ষ, মেডিকেল / ইঞ্জিনিয়ারিং কলেজ (সরকারি/বেসরকারি .....সকল)
১৩. উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
১৪. উপপরিচালক (কলেজ / মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
১৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট (অতিরিক্ত দায়িত্ব), ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা ["মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত বিভিন্ন শ্রেণিতে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের বৃত্তি সংক্রান্ত তথ্যাদি MIS Software-এ এন্ট্রিকরণ/সংশোধনের সময়সীমা আগামী ২২ ডিসেম্বর, ২০২৫ তারিখ পর্যন্ত বর্ধিতকরণ]"-শিরোনামে পত্রটি মাউশির ওয়েবসাইটের নোটিশ বোর্ডে এবং স্ক্রলে প্রকাশের অনুরোধসহ]
১৬. জেলা শিক্ষা কর্মকর্তা (সকল জেলা), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
১৭. প্রধান শিক্ষক (সকল সরকারি ও বেসরকারি নিম্ন মাধ্যমিক / মাধ্যমিক / সমমানের শিক্ষা প্রতিষ্ঠান)
১৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ).
১৯. সহকারী প্রোগ্রামার, জেলা শিক্ষা অফিস (সকল)
২০. পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
২১. সংরক্ষণ নথি।